

## বেড়েছে পাসের হার ও জিপিএ

দিনাজপুর প্রতিনিধি

১৮ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১৮ জুলাই ২০১৯ ০০:৫৮



# আমাদের মমতা

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এ বছর এইচএসসি পরীক্ষার পাসের হার বৃদ্ধির পাশাপাশি বেড়েছে জিপিএ ৫-এর সংখ্যা। পাসের হার ৭১ দশমিক ৭৮। আর জিপিএ-৫ পেয়েছেন চার হাজার ৪৯ পরীক্ষার্থী। এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীর সংখ্যা ২২ হাজার ৯৬৫ জন। ছাত্রের তুলনায় পাসের হার ছাত্রীদের বেশি। তবে ছাত্রী জিপিএ-৫ বেশি পেয়েছে। এ বছর এক লাখ ২৪ হাজার ৩১৫ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেন। পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন ৮৯ হাজার ২৩৩ জন। এর মধ্যে ৪৩ হাজার ৭২৮ ছাত্র এবং ৪৫ হাজার ৫০৫ ছাত্রী। ছাত্রদের তুলনায় ছাত্রী পাসের হার বেশি। ৭৫ দশমিক ৩৯ শতাংশ ছাত্রী পাস করলেও ছাত্র পাস করেছে ৬৮ দশমিক ৩৭ শতাংশ।

গতকাল বুধবার দুপুর সাড়ে ১২টায় দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. তোফাজ্জুর রহমান এইচএসসি পরীক্ষার ফল ঘোষণা করেন।

পরীক্ষা নিয়ন্ত্রক জানান, প্রায় ৩৫ হাজার পরীক্ষার্থী এবার পরীক্ষায় অকৃতকার্য হয়েছেন। এর মধ্যে কেবল ইংরেজি বিষয়ে অকৃতকার্য হয়েছেন ২৯ হাজার ৬৮ জন। আর বাকি বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীর সংখ্যা ৬ হাজার।

রংপুর বিভাগের ৮ জেলার ৬৫৮টি কলেজের শিক্ষার্থীরা ১৯৯টি কেন্দ্রে পরীক্ষায় অংশ নেন। শতভাগ পাস করা কলেজের সংখ্যা ২০টি হলেও পাস করেনি এমন কলেজের সংখ্যা ৭টি।